



তারিখ: ৯ জুলাই ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার মা-মেয়েকে বাঁশের খুটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে শারীরিক নির্যাতন এর ঘটনায় - মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা প্রদান

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার জামজামি ঘোষবিলা গ্রামের মসজিদপাড়ায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে উক্ত গ্রামের মিষ্টার আলি, একই গ্রামের মা-মেয়েকে বাঁশের খুটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে শারীরিক নির্যাতন এর ঘটনায় বিচারপতি ওবায়দুল হাসান এবং বিচারপতি কৃষ্ণা দেবনাথ এর সমন্বয়ে গঠিত মহামান্য হাইকোর্টের বেঞ্চে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) আজ ৯ জুলাই ২০১৭ একটি সুয়োমটো দায়ের করেন। উক্ত সুয়োমটো এর শুনানীর পর ঘটনার সাথে জড়িত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ঘটনা পরবর্তী কি আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানতে চেয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী ২০ জুলাই ২০১৭ তারিখ আদালতে উপস্থিত হয়ে নিজ বক্তব্য প্রদানের জন্য আদালত নির্দেশনা প্রদান করেন।

উল্লেখ্য, গত ৭ জুলাই ২০১৭ চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার জামজামি ঘোষবিলা গ্রামের মসজিদপাড়ার হানেফ আলির স্ত্রী রিনা খাতুন ও তার মেয়ে ইয়াসমিন কে বাঁশের খুটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে একই গ্রামের মিষ্টার আলি শারীরিক নির্যাতন করেন যা ৯ জুলাই ২০১৭ তারিখ যুগান্তরসহ বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ আকারে প্রকাশিত হয়। এ প্রেক্ষিতে আজ ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। উক্ত শুনানিতে ব্লাস্টের পক্ষে ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টিজ সদস্য এডভোকেট জেড আই খান উপস্থিত থাকেন এবং তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার ও এডভোকেট আবু ওবায়দুর রহমান। রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব মো: জাহাঙ্গীর আলম এ সময় উপস্থিত ছিলেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন),

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd